

💵 নাজাত প্রাপ্ত দলের আকীদাহ

বিভাগ/অধ্যায়ঃ প্রশ্ন এবং তাঁর উত্তরসমুহ রচয়িতা/সঙ্কলকঃ হাফেয বিন আহমাদ আল-হাকামী (রহঃ)

প্রশঃ (২১৪) আবু বকর (রাঃ)এর খেলাফত এবং তাঁর প্রথম খলীফা হওয়ার দলীল কী?

উত্তরঃ আবু বকর (রাঃ)এর খেলাফত এবং তিনি প্রথম খলীফা হওয়ার ব্যাপরে অগণিত দলীল রয়েছে। কতিপয় দলীল তো ইতিপূর্বে উল্লেখ করা হয়েছে। তাছাড়া নিম্নে আরো কয়েকটি দলীল উল্লেখ করা হল।

(১) বুখারী ও মুসলিম শরীফে বর্ণিত হয়েছে যে,

(أَتَتِ امْرَأَةٌ النَّبِيَّ صَلَّى اللَّه عَلَيْهِ وَسَلَّمَ فَأَمَرَهَا أَنْ تَرْجِعَ قَالَتْ: أَرَأَيْتَ إِنْ جِئْتُ وَلَمْ أَجِدْكَ كَأَنَّهَا تَقُولُ الْمَوْتَ، قَالَ صَلَّى اللَّه عَلَيْهِ وَسَلَّمَ: إِنْ لَمْ تَجِدِينِي فَأْتِي أَبَا بَكْرٍ)

"এক মহিলা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামএর নিকট আগমণ করল। তিনি মহিলাকে পুনরায় আসার আদেশ দিলেন। মহিলাটি বলতে লাগলঃ আমি যদি পুনরায় এসে আপনাকে না পাই, তাহলে আমি কার কাছে যাব? অর্থাৎ আপনার ইন্তেকাল হলে কার কাছে যাব? নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেনঃ তুমি যদি আমাকে না পাও তবে তুমি আবু বকরের কাছে যাবে"।[1]

(২) সহীহ মুসলিমে আয়েশা (রাঃ) হতে বর্ণিত হয়েছে, তিনি বলেনঃ মৃত্যু শয্যায় শায়িত অবস্থায় রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আমাকে বললেনঃ

(ادْعِي لِي أَبَا بَكْرٍ أَبَاكِ وَأَخَاكِ حَتَّى أَكْتُبَ كِتَابًا فَإِنِّي أَخَافُ أَنْ يَتَمَنَّى مُتَمَنٍّ وَيَقُولُ قَائِلٌ أَنَا أَوْلَى وَيَأْبَى اللَّهُ وَالْمُوْمِنُونَ إِلاَّ أَبَا بَكْرٍ)

"তুমি তোমার পিতা আবু বকর এবং তোমার ভাইকে আমার কাছে ডেকে আন। আমি খেলাফতের ব্যাপারে একটি লিখিত বার্তা প্রদান করব। কেননা আমার আশঙ্কা হচ্ছে খেলাফতের কোন আশা পোষণকারী আশা পোষণ করবে এবং বলবেঃ আমিই খেলাফতের বেশী হকদার। অথচ আল্লাহ্ তাআলা এবং মুমিনগণ আবু বকর ব্যতীত অন্য কারো খলীফা হওয়াতে রাজী নন।

(৩) নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম মৃত্যু রোগে আক্রান্ত হয়ে নামাযে আবু বকরকে ইমামতি করার ব্যাপারে একই কথা বলেছেন। সমস্ত আনসার ও মুহাজির ও অন্যান্য সাহাবীগণ সম্মিলিতভাবে আবু বকর (রাঃ)এর খেলাফতের উপর বায়আত করেছেন।

ফুটনোট

[1] - বুখারী, অধ্যায়ঃ কিতাবুল ফাযায়েল।



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন